গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.১০৬.২০- ২৭৯

তারিখঃ ১৭ /০১/২০২২ খ্রি:

## অধ্যক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.১৫.০১.২০২০.৬৪৬, তারিখঃ ২৮/১২/২০২১ খ্রিঃ মোতাবেক মোসাম্মৎ শাহীনুর বেগম-কে কলেজ অব নার্সিং, শেরে বাংলা নগর, ঢাকার অধ্যক্ষ পদে পদায়ন করা হয়। সে প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন নার্সিং কলেজ, ঝালকাঠী এর অধ্যক্ষ পদে সংযুক্তিতে পদায়নের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ৯ম/১০ম গ্রেডের যোগ্যতাসম্পন্ন সরকারি চাকরিতে কর্মরত আগ্রহী নার্সিং কর্মকর্তাগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | নার্সিং কলেজের নাম | পদের নাম |
|---|---|---|
| ১ | নার্সিং কলেজ, ঝালকাঠী | অধ্যক্ষ |

আবেদনের শর্তাবলীঃ

০১। বয়স সর্বনিম্ন ৫০ বছর।
০২। শিক্ষাগত যোগ্যতাঃ এমএসএন অথবা এমপিএইচ অথবা নার্সিং বিষয়ক অনুমোদিত মাস্টার ডিগ্রি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে নার্সিং বিষয়ক মাস্টার ডিগ্রি অর্জিত হলে উক্ত প্রতিষ্ঠান অবশ্যিই ইউজিসি এর তালিকাভুক্ত হতে হবে। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান অথবা বিদেশ হতে নার্সিং বিষয়ক নার্সিং ডিগ্রি অর্জিত হলে অত্র অধিদপ্তর কিংবা সরকার কর্তৃক পূর্ব অনুমোদন থাকতে হবে।
০৩। সরকারি নার্সিং কলেজ/ ইনস্টিটিউটে (সমপর্যায়ে) কমপক্ষে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
০৪। ইংরেজি ভাষায় দক্ষ থাকতে হবে।
০৫। আর্থিক ও প্রশাসনিক বিষয়ে দক্ষ হতে হবে।
০৬। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।
০৭। বিভাগীয় মামলা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
০৮। আদালতে কোন মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
০৯। কোন জটিল রোগে আক্রান্ত নয় মর্মে মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে।
১০। আবেদনপত্রে এবং খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণ সংযুক্ত ছক অনুযায়ী আবেদনপত্র কম্পিউটারে টাইপ করে প্রয়োজনীয় কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার বরাবর আগামী ৩০/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৭.০১.২০২২

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল info@dgnm.gov.bd

## আবেদন ''ছক''

বরাবর

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

পাসপোর্ট সাইজের ছবি

বিষয়ঃ অধ্যক্ষ, নার্সিং কলেজ, ঝালকাঠী পদে সংযুক্তিতে পদায়নের আবেদন।

নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতির জন্য পেশ করলাম।

| ক্রম | বিষয় | তথ্য | | | |
|---|---|---|---|---|---|
| ১ | নাম | | | | |
| ২ | পুরুষ/মহিলা | | | | |
| ৩ | পিতা | | | | |
| ৪ | বর্তমান পদ ও কর্মস্থল | | | | |
| ৫ | জন্ম তারিখ | | | | |
| ৬ | সরকারি চাকরিতে ১ম যোগদানের তারিখ | | | | |
| ৭ | সরকারি চাকরির বয়স | | | | |
| ৮ | শিক্ষকতার অভিজ্ঞতা | | | | |
| ৯ | মোবাইল নম্বর | | | | |
| ১০ | ই-মেইল আইডি | | | | |
| ১১ | নার্সিং শিক্ষাগত যোগ্যতা | পরীক্ষার নাম | বিষয় | প্রতিষ্ঠানের নাম | পাশের সন |
| | | ক) বিএসসি ইন নার্সিং/ বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং | | | |
| | | খ) এমএসএন/ এমপিএইচ | | | |
| | | গ) পিএইচডি ইন নার্সিং | | | |
| ১২ | বিভাগীয় মামলা আছে কি-না ? | হ্যাঁ/না | | | |
| | (ক) থাকলে কোন পর্যায়ে আছে। | ঃ | | | |
| ১৩ | শারীরিক সক্ষমতা সহ দাঁড়িয়ে ক্লাশ নিতে সক্ষম কি-না ? | হ্যাঁ/না | | | |
| ১৪ | ইংরেজি ভাষার দক্ষতা আছে কি-না ? | হ্যাঁ/না (সনদ থাকলে সংযুক্ত করুন) | | | |
| ১৫ | কম্পিউটার ব্যবহারে দক্ষতা আছে কি- না ? | হ্যাঁ/না (সনদ থাকলে সংযুক্ত করুন) | | | |

সংযুক্ত ঃ

১। নার্সিং শিক্ষাগত যোগ্যতার সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
২। শারীরিক সুস্থ্যতার মেডিকেল সনদ ০১ কপি।
৩। বিভাগীয় মামলা নেই মর্মে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক সনদ ০১ কপি।
৪। কোন আদালতে মামলা নেই মর্মে প্রার্থী কর্তৃক প্রত্যয়ন পত্র।
৫। পিডিএস ফরম।
৬। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৭। ক্রম-১৪, ১৫ বর্ণিত সনদ (যদি থাকে)

আবেদন কারীর স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ
তারিখ ঃ